



স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০(অংশ-৩)-৬২৫

তারিখঃ ২৯/০৭/২০২০খ্রি.

পরিপত্র

বিষয়ঃ কোভিড-১৯ সংক্রমিত রোগীদের চিকিৎসা সেবার সাথে সম্পৃক্ত সরকারি চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের দায়িত্বপালনকাল নির্ধারণ ও দায়িত্বকালীন পৃথক অবস্থানের ব্যবস্থাপনা সংক্রান্ত।

কোভিড-১৯ সংক্রমিত রোগীদের চিকিৎসার জন্য নির্দিষ্টকৃত হাসপাতালসমূহে চিকিৎসা সেবার সাথে সম্পৃক্ত সরকারি চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীগণের চিকিৎসা প্রদান কাজে নিয়োজিত থাকা অবস্থায় পৃথক অবস্থানের নিমিত্ত নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলোঃ

(ক) কোভিড-১৯ রোগীদের চিকিৎসার সাথে সম্পৃক্ত চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীগণ সাধারণভাবে একাধারে ১৫ (পনের) দিনের বেশি দায়িত্ব পালন করবেন না এবং প্রতিমাসে ১৫ (পনের) দিন দায়িত্ব পালন শেষে পরবর্তী ১৫ (পনের) দিন তারা সংগনিরোধ ছুটিতে থাকবেন।

(খ) চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীগণ ১৫ (পনের) দিন কর্মকালীন পৃথক অবস্থানের নিমিত্ত বিশেষ ভাতা অথবা খাবারসহ আবাসনের সুবিধা পাবেন।

(গ) ঢাকা মহানগরের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীগণ ১৫ (পনের) দিন কর্মকালীন পৃথক অবস্থানের জন্য নিম্নোক্ত স্থাপনাসমূহ ব্যবহৃত হবে:

- ১। বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) এক ডেমী (BCSAA)
- ২। বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রিটিভ ম্যানেজমেন্ট (BIAM)
- ৩। জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (NAPD)
- ৪। ন্যাশনাল একাডেমী অব এডুকেশনাল ম্যানেজমেন্ট (NAEM)
- ৫। টিসার্স ট্রেনিং কলেজ (TTC)
- ৬। জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (NILG)

(ঘ) ঢাকা মহানগরের বাইরে সকল জেলা/উপজেলার ক্ষেত্রে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনাপূর্বক সেখানে অবস্থিত বিভিন্ন সরকারি/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এরূপ ব্যবস্থা করা যাবে।

(ঙ) সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃপক্ষ নির্ধারিত আবাসিক স্থাপনাসমূহের প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে আবাসন সুবিধা গ্রহণে ইচ্ছুক স্বাস্থ্যকর্মীদের আবাসন ব্যবস্থা নিশ্চিত করবেন এবং সেজন্য প্রয়োজনীয় অর্থ আবাসিক স্থাপনাসমূহের কর্তৃপক্ষের বিল দাখিল সাপেক্ষে পরিশোধ করবেন।

(চ) চিকিৎসক/নার্স/স্বাস্থ্যকর্মীগণ যারা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থাপনায় অবস্থান করবেন তাদের যাতায়তের জন্য আবশ্যিকভাবে (প্রাপ্যতা সাপেক্ষে) বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (BRTC)-র যানবাহন ব্যবহার করতে হবে এবং এরূপ ক্ষেত্রে যানবাহন ভাড়া পরিশোধের জন্য বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের (BRTC) নিকট থেকে প্রাপ্ত বিলের

১

ভিত্তিতে বরাদ্দ দাবী করতে হবে। যেখানে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (BRTC)-র যানবাহন নেই সেখানে জেলা প্রশাসকের মাধ্যমে রিকুইজিশনকৃত/ভাড়া যানবাহন ব্যবহার করা যেতে পারে।


(হ) কোভিড-১৯ রোগীদের চিকিৎসার সাথে সম্পৃক্ত চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীগণ কোভিড-১৯ রোগীদের চিকিৎসাসেবা প্রদানকালীন কর্তৃপক্ষ নির্ধারিত আবাসিক সুবিধা গ্রহণ না করলে নিম্নোক্ত হারে দৈনিক ভাতা প্রাপ্য হবেনঃ

স্বাস্থ্যকর্মী শ্রেণি	ঢাকা মহানগর	ঢাকা মহানগর ব্যতীত অন্যান্য এলাকা
চিকিৎসক	২০০০/-	১৮০০/-
নার্স	১২০০/-	১০০০/-
অন্যান্য	৮০০/-	৬৫০/-

(জ) একজন চিকিৎসক/নার্স/স্বাস্থ্যকর্মী এক মাসে ১৫ (পনের) দিনের বেশি এ ভাতা প্রাপ্য হবেন না এবং প্রাপ্যতা অনুসারে চিকিৎসক/নার্স/স্বাস্থ্যকর্মীগণ উক্ত বিশেষ ভাতা ভ্রমণ ও দৈনিক ভাতা আহরণের পদ্ধতিতে উত্তোলন করবেন বা প্রাপ্য হবেন।

(ঝ) স্বাস্থ্য অধিদপ্তর ত্রৈমাসিক ভিত্তিতে দৈনিক ভাতার হিসাবে সরকারের নিকট বরাদ্দ দাবী করবে। বরাদ্দকৃত অর্থ হতে আবাসিক সুবিধা গ্রহণ না করে দৈনিক ভাতা গ্রহণকারীদের পরিশোধিত অর্থ বাদ দিয়ে বাকী অর্থ দ্বারা বিভিন্ন আবাসিক স্থাপনা কর্তৃপক্ষ এবং যানবাহনের জন্য দাবীকৃত অর্থ পরিশোধ সম্ভব না হলে প্রকৃত খরচের হিসাবসহ অতিরিক্ত প্রয়োজনীয় বরাদ্দ দাবী করা যাবে।

০২। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।


২৯.০৭.২০২০
(মো. আবদুল মান্নান)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) প্রয়োজনীয় কার্যার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/স্থানীয় সরকার বিভাগ/অর্থ বিভাগ/পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. রেস্তুর, বিসিএস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা।
৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পরিপত্রটি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের অনুরোধ করা হল)।
৭. মহাপরিচালক, বিয়াম/এনআইএলজি/এনএপিডি/নায়েম, ঢাকা।
৮. চেয়ারম্যান, বিআরটিসি, ঢাকা।
৯. অধ্যক্ষ, টিচার্স ট্রেনিং কলেজ (টিটিসি), ঢাকা।
১০. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ/পিএইচসি/এমআইসএ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (কোভিড-১৯ চিকিৎসার জন্য নির্দিষ্টকৃত) ----- ।
১২. পরিচালক/তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন বিশেষায়িত/জেনারেল হাসপাতাল (কোভিড-১৯ চিকিৎসার জন্য নির্দিষ্টকৃত)----- ।
১৩. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।